# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮২৯

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১২. প্রথম অনুচ্ছেদ - সালাতে ক্বিরাআতের বর্ণনা

بَابُ الْقِرَاءَةِ فِى الصَّلَاةِ

আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: كُنَّا نَحْزُرُ قِيَامَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الظُّهْرِ وَالْعَصْرِ فَحَزَرْنَا قِيَامَهُ فِي الرَّكْعَتَيْنِ الْأُولَيَيْنِ مِنَ الظُّهْرِ قَدْرَ قِرَاءَةِ (الم تَنْزِيلُ) السَّجْدَةِ ـ وَفِي رِوَايَةٍ: فِي كُلِّ رَكْعَةٍ قَدْرَ ثَلَاثِينَ آيَةً ـ وَحَزَرْنَا قِيَامَهُ فِي الْأُخْرَيَيْنِ قَدْرَ النّصْف من ذَلِك وحزرنا قِيَامَهُ فِي الرَّكْعَتَيْنِ الْأُولَيَيْنِ مِنَ الْعَصْرِ عَلَى قَدْرِ قِيَامِهِ فِي الْأُخْرَيَيْنِ مِنَ الظُّهْرِ وَفِي الْأُخْرَيَيْنِ مِنَ الْعَصْرِ عَلَى النِّصْفِ مِنْ ذَلِكَ. رَوَاهُ مُسلم

বাংলা

৮২৯-[৮] আবূ সা’ঈদ আল্ খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যুহর ও ’আসরের সালাতে কত সময় দাঁড়ান তা আমরা অনুমান করতাম। আমরা অনুমান করলাম যে, তিনি যুহরের প্রথম দু’ রাক্’আতে ’সূরাহ্ আলিফ লাম মীম তানযিলুস্ সিজদ্ (সিজদা/সেজদা)’ পাঠ করতে যত সময় লাগে তত সময় দাঁড়াতেন। অন্য এক বর্ণনায়, প্রত্যেক রাক্’আতে ত্রিশ আয়াত পড়ার সমপরিমাণ সময় দাঁড়াতেন। আর পরবর্তী দু’ রাক্’আতের অর্ধেক সময় দাঁড়াতেন বলে অনুমান করেছিলাম। ’আসরের সালাতের প্রথম দু’ রাক্’আতে, যুহরের সালাতের শেষ দু’ রাক্’আতের সমপরিমাণ এবং ’আসর সালাতের শেষ দু’ রাক্’আতে যুহরের শেষ দু’ রাক্’আতের অর্ধেক সময় বলে অনুমান করেছিলাম। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৪৫২, আবূ দাঊদ ৮০৪, সহীহ ইবনু হিব্বান ১৮৫৮, নাসায়ী ৪৭৫, আহমাদ ১০৯৮৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা : আলোচ্য হাদীস দ্বারা বুঝা যায় যে, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যুহরের শেষ রাক্‘আতে

সূরাহ্ ফাতিহার সাথে অন্য সূরাহ্ পাঠ করতেন। চার রাক্‘আত বিশিষ্ট সালাতের শেষ দু’ রাক্‘আতে সূরাহ্ ফাতিহার পরেও অন্য সূরাহ্ পাঠ জায়িয আছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55388

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন